Through *The Metamorphosis*, Franz Kafka portrays the character of Gregor Samsa to illustrate the dehumanising and degrading aspects of life and work in modern society. The narrative begins with Gregor waking up from "uneasy dreams" and finding himself transformed into a gigantic insect. Kafka does not provide much information regarding what made Gregor transform but rather continues to narrate his life as an insect within the household. However, in the original German version, Gregor transforms into "ungeheuren ungeziefer," which literally translates to a filthy creature not suitable for sacrifice, which colloquially means vermin. Therefore, there is an ambiguity attached to this transformation, which resembles a dream without any proper beginning or ending. Furthermore, it is worth noting that Gregor wakes up from "uneasy dreams," which raises the question of whether his previous life was actually an uneasy state and whether his transformation into vermin might represent his true self. Also, if this transformation is a dream, then it questions Gregor's psyche and leads him to manifest himself as an insect in the societal order. This feeling of alienation gets more intense when his family gets worked up because he misses a day from his job. Therefore, it gets notable that he turns into an insect for this capitalist world only because he skips a workday. Furthermore, if one looks at this transformation as some sort of disability, then the treatment that he has received from his family also justifies his alienation

and distorted psyche. Gradually, the narrative portrays how Gregor keeps losing his human part, where he no longer enjoys human food, and how his family normalises the extraordinary and keeps on changing their lifestyle without questioning the plausibility of such a transformation. They consistently treat Gregor as if he lacks intelligence, and meanwhile, without his involvement in their lives, they improve their situation by finding better jobs. But this transformation and loss of human self again get unsettled when Gregor enjoys the violin played by his sister, Greta. Therefore, as an insect, if he can get captivated by music, he has not transformed completely but rather gets trapped in a nightmarish reality where others start to perceive him as he perceives himself. By the end, Gregor realises that he has become a burden to his family and eventually dies, which brings joy to his family rather than grief.

Kafka's narrative ultimately highlights the decline of human compassion while maintaining a delicate balance between dream and reality throughout. This is further reinforced in his letter to his publisher, where he mentions that the cover illustration of the book should not have any remote reference to any such insect imagery. So, the transformation is removed from any such proper labelling and remains ambiguous between the dream of becoming what he actually feels and the reality of how society perceives him, ultimately shaping a nightmarish reality.

স্বপ্ন এবং...

রিঙ্কু পাল

আমরা স্বপ্ন কেন দেখি তার ব্যাখ্যাই বা কি এই নিয়ে আমাদের অসীম কৌতুহল।

প্রাচীন কাল থেকেই স্বপ্নের শুভত্ব, অশুভত্ব ও স্বপ্নের প্রতীক নিয়ে আলোচনা হতো এবং বইও ছিল যেমন ভারতবর্ষের বেদ। প্রাচীন গ্রীকরা, মিশরীয়রা স্বপ্নকে অতিপ্রাকৃত বা দেবপ্রদত্ত বলে মানতেন। সুমেরীয়রা খ্রি:পূ. ৩১০০ সালে স্বপ্নের ব্যাখ্যার প্রমাণ রেখেছেন। ব্যবিলনীয় ও অ্যাসিরিয়ানরাও স্বপ্নের ভালো-মন্দ দুরকম ব্যাখ্যা করতেন। চীনা চিন্তাবিদরাও স্বপ্নের ব্যাখ্যার উচ্চতম নীতি সম্পর্কিত গ্রন্থে স্বপ্নের ব্যাখ্যা সম্পর্কে গভীর ধারণা রেখেছেন যা চেন শিউয়ান সংকলন করেন ষোলশো শতকে। ইসলামিক পন্ডিত আল-কিন্দি (৮০১-৮৭৩ খ্রি.) এবং আল ফারাবি (৮৭২-৯৫১ খ্রি.) স্বপ্নের ব্যাখ্যার উপর দুটো বই লেখেন যথাক্রমে *অন স্লিপ অ্যান্ড ড্রিমস* এবং *অন দ্য কজ অফ ড্রিমস।*

স্বপ্ন আলোচনা প্রসঙ্গে মানুষের মনের ক্রিয়া-কলাপের ভূমিকার কথা প্রথম বলেন গ্রীক দার্শনিক অ্যারিস্টটল। সর্বপ্রথম স্বপ্নতত্ত্ব নিয়ে বৈজ্ঞানিক ব্যাখ্যা দেন অস্ট্রিয়ান নিউরোলজিস্ট সিগমুন্ড ফ্রয়েড (১৮৫৬-১৯৩৯ খ্রি.) তাঁর *দ্য ইন্টারপ্রিটেশন অফ ড্রিমস* (১৮৯৯ খ্রি.) বইয়ে, পরে *অন ড্রিমস* (১৯০১ খ্রি.) বইয়ে।

ভারতবর্ষে স্বপ্ন নিয়ে সর্বপ্রথম ব্যাখ্যা দেন মনোবিশ্লেষক ও ডাক্তার গিরীন্দ্রশেখর বসু। সেই অর্থে ভারতে স্বপ্নতত্ত্ব নিয়ে চর্চার উনিই পথপ্রদর্শক। ফ্রয়েড এর সাথে তাঁর চিঠিপত্র আদান প্রদান চলত এইসব আলোচনা নিয়ে, এর প্রমাণ আছে তাঁর কন্যা দুর্গাবতী ঘোষের লেখা ভ্রমণ কাহিনীর বই *পশ্চিমযাত্রিকী* (১৯৩৬খ্রি.)তে, উনি নিজেও পিতার একটি চিঠি নিয়ে ইউরোপ যাত্রা করে ফ্রয়েড এর সাথে সাক্ষাৎকার করেন।

স্বপ্নতত্ত্ব নিয়ে লেখা গিরীন্দ্রশেখরের বই *স্বপ্ন* (১৯২৮ খ্রি.)। ফ্রয়েডের সাথে তাঁর মতের বিরোধিতা না থাকলেও ফ্রয়েডের-এর অনুকরণও ছিলনা *স্বপ্ন*। এখানে তিনি নিজস্ব কিছু তত্ত্ব ও তাঁর গবেষণালব্ধ প্রমাণ লিপিবদ্ধ করেছেন,যার মধ্যে উল্লেখযোগ্য "বিপরীত ইচ্ছা তত্ত্ব"। অর্থাৎ আমাদের মনের অবদমিত ইচ্ছা গুলোর প্রত্যেকটির বিপরীত ইচ্ছাও থাকে যেগুলোকে তিনি অবদমিত ইচ্ছার প্রধান প্রহরী বলেছেন, আর ফ্রয়েডের মতে অবদমিত ইচ্ছার প্রহরী হলো ধর্মজ্ঞান, নীতিজ্ঞান, পাপ-পুণ্যবোধ ইত্যাদি।

ফ্রয়েড আবিষ্কার করেন, আমাদের মনের তিনটি স্তর আছে—

চেতন মন—এটি সবচেয়ে উপরের স্তর ।এই স্তরের চিন্তাভাবনা সম্পর্কে আমরা খুব ভাল ভাবে জ্ঞাত।

প্রাক-চেতন মন—এটি চেতন মনের নীচে থাকে।এই স্তরের চিন্তাভাবনা আমরা ভুলে থাকি। চাইলে সেগুলোকে চেতন স্তরে নিয়ে আসতে পারি।

অবচেতন মন—এটি সবচেয়ে নীচের দিকে থাকে।আমাদের মন এই স্তরের চিন্তাভাবনার সম্পর্কে কিছুই জ্ঞাত থাকেনা কখনোই।

এর সাথে সাথেই এল অসদ্ (Id), অহম (Ego), এবং অধিসত্তার (Super ego) ধারণা।

অসদ্—আমাদের মনের আদিম ইচ্ছা বা কামনা-বাসনা। যেগুলো অসামাজিক, কুটিল ও ভয়ঙ্কর। ইদ চালিত হয় 'আনন্দ নীতি' বা 'pleasure principle' দ্বারা আর নিয়ন্ত্রিত হয় অহমের দ্বারা।

অহম—বয়স বৃদ্ধির সাথে সাথে ইগো যা আমাদের মধ্যে আমিত্বের অস্তিত্ব নিয়ে আসে। অহম নিয়ন্ত্রিত হয় 'বাস্তব বোধের নীতি' বা 'Reality principal' দ্বারা।

অধিসত্তা—সামাজিক ক্রিয়া প্রতিক্রিয়ায় তৈরী হয় আমাদের বিবেক যা অধিসত্তা হিসেবে চিহ্নিত হয়।

আমাদের মনের নিষিদ্ধ কামনাগুলো মনের প্রহরী দ্বারা বাধাপ্রাপ্তহয়ে অবদমিত হয় মনের অবচেতন স্তরে। অধিকাংশ মনোবৈজ্ঞানিকর মতে এই ইচ্ছাগুলোর অধিকাংশই কামজ ইচ্ছা যা আমাদের স্বপ্নের কারক। এরা সবসময়ই প্রকাশিত হবার জন্য সচেষ্ট থাকে। কিন্তু মনের প্রহরীদের দ্বারা বাধাপ্রাপ্ত হয়ে বিভিন্ন প্রতীকের ছদ্মবেশ ধারণ করে। তখন ছদ্মবেশীদের চিনতে না পেরে প্রহরীরা ছাড়পত্র দিয়ে দেয়। এই ছদ্মবেশী ইচ্ছাগুলোই আমাদের প্রাক-চেতন স্তরে স্বপ্ন রূপে এসে পরিতৃপ্ত হবার চেষ্টা করে আংশিকভাবে সফল হয়। কয়েকটি প্রতীক হলো –'ঘর-শরীর', 'বাক্স বা পিটারা-নারীত্ব', 'মাছ-পুরুষত্ব' ইত্যাদি।

"অবাধ ভাবানুষঙ্গ" প্রক্রিয়ায় স্বপ্নের ব্যক্ত ও অব্যক্ত অংশ আর এইসব প্রতীকের বিশ্লেষণ করে স্বপ্নের অর্থ বলে দেওয়া সম্ভব। ব্যক্তি বিশেষে স্বপ্নের অর্থ ভিন্ন হতে পারে। তবে এই পদ্ধতিতে একেবারে প্রশ্নাতীত সঠিক বিশ্লেষণ সম্ভব নাও হতে পারে সে কথা স্বয়ং গিরীন্দ্রশেখর বসুই বলেছেন।

পরিশেষে বলা যায়, ফ্রয়েড এবং গিরীন্দ্রশেখর তাঁদের তত্ত্বে বলেছেন পিতা-মাতা, ভাই-বোন, বন্ধু, বান্ধবী আদি সমস্ত সম্পর্কও পতিপত্নীর মতোই কামভাবের দ্বারাই পরিচালিত হয়। তাতে তাঁদেরকে অনেক বিরোধিতার মুখে পড়তে হয়েছিল। যেখানে পাশ্চাত্যেই ফ্রয়েডের বিরোধিতা করা হয়েছিল সেখানে আমাদের ভারতবর্ষের মতো সামাজিক ও পারিবারিক ক্ষেত্রে সংবেদনশীল ও রক্ষণশীল দেশে কতটা বিরোধিতার সম্মুখীন হতে হয়েছিল গিরীন্দ্রশেখরকে তা সহজেই অনুমেয়। তথাপি তাঁদের গবেষণালব্ধ তত্ত্ব ধীরে ধীরে মান্যতা পেতে শুরু করল। এই অত্যাধুনিক যুগের মনোবিশ্লেষণ ক্ষেত্রও তাঁদেরকেই প্রথম পথপ্রদর্শক হিসেবে মেনে নিতে বাধ্য হয়েছে এ কথা অনস্বীকার্য।

রবীন্দ্রনাথের 'নিশীথে' এবং ফ্রয়েডের স্বপ্ন ব্যাখ্যা

অনন্তা কর

উনিশ শতকে বাংলার 'নবজাগরণের' পাট চুকিয়ে বিংশ শতাব্দীর দোরগোড়ায় ইউরোপীয় 'আধুনিকতার' সাথে সাথে বাংলা সাহিত্যেও 'আধুনিকতার' প্রবেশ ঘটে। *সাধনা-ভারতী* পর্ব রবীন্দ্রনাথের ছোটগল্পের সুবর্ণযুগ। সাধনা পত্রিকার আয়ুষ্কাল চার বছর। এই চারবছরে *সাধনায়* রবীন্দ্রনাথের মোট ছত্রিশটি ছোটগল্প প্রকাশিত হয়। এরপর ১৩০৫ বঙ্গাব্দে *ভারতী* পত্রিকায় রবীন্দ্রনাথের আরো সাতটি ছোটগল্প প্রকাশিত হয়। ভৌতিক গল্পের চিরপুরাতন

সিদ্ধরস ভেঙে তিনি বাংলা কথাসাহিত্যে অস্বভাবী মনস্তত্ত্ব বিশ্লেষণে এক সম্পূর্ণ অভিনব শিল্পরূপ আবিষ্কার করেছেন, যা আধুনিক ছোটগল্পের ক্ষণদীপ্ত স্ফুলিঙ্গ।

ইউরোপে 'আধুনিকতা' খানিকটা প্রবেশ করে সিগমুন্ড ফ্রয়েডের মনঃসমীক্ষণে স্বপ্ন তত্ত্বের হাত ধরে । ফ্রয়েডের স্বপ্নব্যাখা ইউরোপে তথা বিশ্বে আলোড়ন এনে দেয়। ১৩০১ বঙ্গাব্দের মাঘ মাসে রবীন্দ্রনাথের ছোটগল্প "নিশীথে" মানুষের এই মনস্তাত্ত্বিক স্তরের ব্যাখ্যাকে কেন্দ্র করেই রচিত। সাধনায় প্রকাশিত 'অখন্ডতা' নামের পঞ্চভৌতিক আলোচনায় সমীর বলেছিলেন, 'মানুষের অন্তঃকরণে দুটি অংশ আছে। একটি অচেতন বৃহৎ গুপ্ত এবং নিশ্চেষ্ট, আরেকটা সচেতন চঞ্চল পরিবর্তনশীল। অন্ধকার আবৃত বলেই অন্তঃকরণের অচেতন অংশটি 'গুপ্ত' এবং সেই কারণেই "নিশীথে" এর সঙ্গে উপমিত। "নিশীথে" গল্পে এই অচেতন বৃহৎ গুপ্ত দিক ঘিরেই রয়েছে ফ্রয়েডের স্বপ্নতত্ত্বের ব্যাখ্যা।

"নিশীথে" রবীন্দ্রনাথের 'অতিপ্রাকৃত' গল্পের পরিচিত শিল্পরূপেই বিন্যস্ত হয়েছে। এই গল্প ডাক্তারের কাছে দক্ষিণাচরণের মুখে বিবৃত হয়েছে। লক্ষ্য করার বিষয়, ডাক্তারের কাছে দক্ষিণাচরণের গল্পকথনের সময় রাত্রি আড়াইটে। শুধু তাই নয়, গল্পের মধ্যবর্তী প্রধান ঘটনাগুলো ঘটেছে সন্ধ্যে ও রাত্রিবেলা। অর্থাৎ, বাচ্যার্থে ও গূঢ়ার্থে, দুইদিক থেকেই "নিশীথে" নামকরণটি সার্থক। "নিশীথে" গল্পটি আসলে গল্পবক্তার এক ডাক্তারের কাছে স্বীকারোক্তি। দক্ষিণাচরণের সত্তা দুটি সমভাগে দ্বিখন্ডিত।

"নিশীথে" গল্পটি সবসুদ্ধ তিনবার ছিন্ন হয়েছে। প্রথমবার, অসুস্থ প্রথমপক্ষের স্ত্রীকে নিয়ে বায়ু পরিবর্তনের উদ্দেশ্যে দক্ষিণাচরণের এলাহাবাদ যাওয়ার পরে; দ্বিতীয়বার, দক্ষিণাচরণের প্রথমপক্ষে স্ত্রীকে হারান ডাক্তারের কন্যা মনোরমা দেখতে আসার আগে এবং তৃতীয়বার, দক্ষিণাচরণের প্রথমপক্ষের স্ত্রীর মৃত্যুর পরে। এই দ্বিতীয় এবং তৃতীয়বার গল্পের ছিন্ন হওয়াই গল্পের মূল স্থান জুড়ে আছে। আসলে, দক্ষিণাচরণের স্ত্রী কল্যাণময়ীকে রবীন্দ্রনাথ তাঁর নারীর বিভাজনে 'বর্ষা' বিভাগে রেখেছেন। দক্ষিণাচরণ বলেছেন, "আমার প্রথম স্ত্রীর মতো এমন গৃহিণী অতি দুর্লভ ছিলো"। দক্ষিণাচরণের দৃষ্টিতে তাঁর স্ত্রী শুধুমাত্রই গৃহিণী। যে আদর্শ ঘরণী কিন্তু সে কখনোই আদর্শ প্রেমিকা নয়। অন্য দিকে, মনোরমার মধ্যে দক্ষিণাচরণ খুঁজে পান প্রেম। 'মনোরমা' নামটির তাৎপর্য লক্ষণীয়। মনকে যে রমিত বা আনন্দিত করে সেই মনোরমা।

ফ্রয়েডের স্বপ্নতত্ত্ব অনুসারে, মানুষের মনের তিনটি স্তর ‘ইদ’, ‘ইগো’ এবং ‘সুপার ইগো’। ‘ইদ’ হলো আমাদের আদিম ইচ্ছা বা কামনা। রুগ্ন স্ত্রীকে ফেলে মনোরমাকে দেখে দক্ষিণাচরণের এই ‘ইদ’-ই জাগ্রত হলো। দক্ষিণাচরণ হারান ডাক্তারের মেয়ের কোনো কুলদোষই লক্ষ্য করেন না, উপরন্তু উল্লেখ করেন “কিন্তু আর কোনো দোষ ছিল না। যেমন সুরূপ তেমনি সুশিক্ষা।” ‘সুরূপ’ আগে, ‘সুশিক্ষা’ পরে।

‘ইদ’-এর বশে ‘ইগো’কে প্রাধান্য দিতে গিয়ে দক্ষিণাচরণ এককথায় আত্মহত্যায় প্ররোচনা দিলেন তাঁর স্ত্রীকে। গল্পের তৃতীয় ভাগে, দক্ষিণাচরণের স্ত্রীর মৃত্যুতে গল্পের ভাষায় দেখা গেছে নানান জটিলতা। “হারান ডাক্তার আমাকে প্রায় মাঝে মাঝে বলিতেন, যাহাদের রোগ আরোগ্য হইবার কোনো সম্ভাবনা নাই, তাদের পক্ষে মৃত্যুই ভালো; কারণ, বাঁচিয়ে তাহাদের নিজেরও সুখ নাই, অন্যেরও নাই।” স্ত্রীর মৃত্যু ঘটাবার জন্য হারান ডাক্তার সূক্ষ্মভাবে প্ররোচিত করেছিলেন দক্ষিণাচরণকে।

স্ত্রীর মৃত্যুর পর দক্ষিণাচরণের এই স্বপ্নভ্রম হতে লাগলো। ফ্রয়েডের স্বপ্ন তত্ত্বনুসারে, আমাদের মনের অবদমিত ইচ্ছাগুলো অনেকসময় স্বপ্নে কাল্পনিকভাবে পরিতৃপ্তি লাভের চেষ্টা করে। স্ত্রীর কাছে দমন করে রাখা এই বাসনা ও অপরাধবোধই দক্ষিণাচরণের দিবাস্বপ্নে এসে উপস্থিত হয়। দিবাস্বপ্নর সাথে কোনো নিদ্রার যোগ থাকে না। থাকে শুধু মনের কোটরে থাকা কিছু অপরাধ বোধ ও কামনা। তাইতো যে সন্ধ্যায় দক্ষিণাচরণ নিজের প্রথম স্ত্রীকে প্রথমবার প্রেমিকা রূপে উদ্ঘাটন করেছিলেন, ঠিক সেরকমই এক জোৎস্নাবিকশিত সন্ধ্যায় মনোরমার মুখে দক্ষিণাচরণ চুম্বন করেন, আর তখনই জনমানবশূন্য নিঃসঙ্গ পথে কে ‘তিনবার‘ বলে ওঠে, “ও কে? ও কে? ও কে?”

ডাক্তার চরিত্রটি আদৌ কোনো মনোবিদ নন, তিনি শুধু দক্ষিণাচরণের গল্প শোনার জন্য ফ্রয়েডীয় সাইকিয়াট্রিস্টের ভূমিকা নেন। স্বপ্নের কোনো শেষ নেই , তাই এই ডাক্তার দক্ষিণাচরণকে কোনো ভরসা দিতে পারেন নি। নিশীথ কোনোদিনই প্রভাতে শেষ হবে না, এই গল্পও শেষ হবে না– এ শুধুই এক স্বীকারোক্তি। এক অপরাধবোধের স্বীকারোক্তি এবং এক দুঃস্বপ্ন দেখা রুগী আর ডাক্তারের বলা ও শোনার লেনদেন মাত্র।

গ্রন্থঋণ:-

১। রবীন্দ্রনাথের গল্পগুচ্ছ।

২। গিরীন্দ্রশেখর বসু , ‘ স্বপ্ন ‘ ১৯২৮।

৩। পুষ্পা মিত্র , ‘ফ্রয়েড’ ২০২৪ এবং মুশায়েরা।

A Short Review of Kurosawa's *Dreams* (1990)

Srilekha Mitra

Recurring dreams often unfold our unfulfilled desires, our deepest fears and anxieties, delving deep into our unconscious. According to Sigmund Freud the unconscious is a potent part of the human mind. It is the source of human behaviour and acts as a reservoir of human thoughts and memories. Our collective memory is often consolidated through our dreams and *Dreams* (1990) directed by one of the pioneer auteurs Akira Kurosawa is the perfect epitome of collective memory and dreams going hand in hand. Revolving around eight vignettes, the film is autobiographical as well as didactic depicting the director's views regarding mankind's destruction of environment, the atomic nightmare, the futility of war and death. The protagonist is named I which signifies two things- firstly this I is the director himself and secondly it also paints the sheer existentialism where a person's name is reduced to a single letter similar to Kafka's K in *The Castle* (1926).

Nature:

The eight vignettes in the film ranges from myths, folklore, human intervention in the natural world to the capitalism of post-War Japan but one thing that remains common in all these vignettes is nature. The film feels like Kurosawa's homage to mother nature, encapsulating his dire urge to preserve nature thus reminding the views of Wordsworth, "Nature never did betray the heart that loved her." In "Blizzard" and "Mount Fuji in Red", Kurosawa depicts the fiery side of the forces of nature that is capable of vanquishing human beings whereas in "Sunshine Through the Rain", "The Peach Orchard" and "The Village of the Watermills" we see an idyllic world where nature is in full bloom, thus acting as an important element in the narrative of the film.

War:

"Tunnel", "Mount Fuji in Red" and "Weeping Demons" depict how wars are never glorious. In the aftermath of war, the survivors are just living ghosts carrying guilt, nightmares and detest for themselves till their death. Kurosawa shows in the post-apocalyptic world humans are transformed into demons with a horn entrapped in hell atoning for their sins towards mankind. This signifies the immediate moral wasteland Kurosawa saw when he looked around at his own country. This viewpoint has much relevance in the current world scenario where barbarism and chaos are unleashed, effacing humanity from the face of earth.

When Kurosawa met Van Gogh:

The most surreal of all the vignettes is "Crows" where the protagonist I has an encounter with Van Gogh. Kurosawa's outlook towards the world was changed by Paula Cezanne and Van Gogh's paintings which is reflected in this episode. The shift from real world to the world of Gogh's paintings where we see I loitering through the pristine landscapes produced by the artist is seamless. I's conversation with Van Gogh when Van Gogh tells him, "A scene that looks like a painting doesn't make a painting. If you look closely, all of Nature has its beauty… I lose myself in it,…But it's so difficult to hold it inside." in a way reinforces Kurosawa's belief in the artistic process where the possession of madness can be justified as an essential element for creation of art because unless one loses oneself in the pursuit of their art, they can never feel and present its sublimity within the artwork.

Western Classical Music is juxtaposed with Traditional Japanese music and silence is recurrently used to capture our vision in the film. Haze and smoke are employed by Kurosawa to blur the lines between dreams and reality. The film begins with a wedding and ends with a funeral, leaving I's positionality in this world ambiguous. Kurosawa's *Dreams* explores a passage by Fyodor Dostoevsky in which the author claims, "Dreams revealed men's deepest thoughts, liberated in sleep", prompting us (the residents of this degenerate world) to contemplate on how to embrace nature and save our world, erasing all the inhumanity.

সত্যজিতের *নায়ক*: আত্মবিশ্লেষণের মাধ্যম হিসেবে স্বপ্নের ব্যবহার

সায়ন সেনগুপ্ত

সত্যজিৎ রায় সম্পর্কে একটি মন্তব্য হামেশাই করা হয়ে থাকে যে তিনি চলচ্চিত্রে বাস্তববাদের অর্থাৎ রিয়েলিজমের একনিষ্ঠ সেবক। ইতালীয় নিওরিয়েলিজমের বিভিন্ন ফিল্ম থেকে অনুপ্রাণিত সত্যজিতের সিনেমায় প্রাকৃতিক উৎসজাত আলো, অভিনেতাদের 'মিনিমাল' এবং যথাসম্ভব বাস্তবোচিত অভিনয় ইত্যাদি দেখে এই উক্তি মেনে নেওয়া কিছু অস্বাভাবিকও নয়। কিন্তু কেবল এই একটি উক্তির আলোকে সত্যজিৎকে দেখলে তাঁর প্রতি আমাদের দর্শন খানিক একপেশে হয়ে দাঁড়ায়। এর অন্যতম উদাহরণ ১৯৬৬ সালে মুক্তিপ্রাপ্ত সিনেমা *নায়ক*। মুখ্য ভূমিকায় উত্তম কুমার এবং শর্মিলা ঠাকুর।

ছবির সিনোপসিস আমাদের জানায় ট্রেনে চেপে কলকাতা থেকে দিল্লী যাচ্ছেন ম্যাটিনি আইডল অরিন্দম মুখার্জী (উত্তম কুমার) একটি পুরষ্কার নিতে। ট্রেনে তাঁর সাথে দেখা হয় 'আধুনিকা' নামে একটি পত্রিকার সম্পাদিকা মিস অদিতি সেনগুপ্তর, যিনি বাংলা চলচ্চিত্র নিয়ে তেমন আগ্রহী না হলেও অরিন্দম মুখার্জীর সাথে দেখা হওয়ায় তাঁর সাক্ষাৎকার নিয়ে পত্রিকায় 'চলচ্চিত্রর অভাবটা মিটিয়ে' নিতে চান। এবং শুধু তাই নয়, তিনি প্রশ্ন করেন সাফল্যের চূড়ায় দাঁড়িয়ে থাকা মানুষটির ব্যক্তিজীবনের অপ্রাপ্তির স্থানটি ঠিক কোথায়। আরো ভাল করে বললে, এই এত পাওয়ার ভিতর না-পাওয়াটি কী? নিজের 'পাব্লিক ইমেজ' সম্পর্কে সচেতন অরিন্দম খুব স্বাভাবিকভাবেই এ প্রশ্নের কোনো জবাব দেন না এবং বাজার নষ্টের কথা বলে তাকে প্রত্যাখ্যান করেন। এখন এই সাক্ষাৎ এবং এই সাক্ষাৎকারের এখানেই যবনিকা পতন ঘটতে পারতো। কিন্তু তা হয় না। বরং পরের দিন সকালে নিজে যেচে এসে নিজের জীবনের অজানা ঘটনাবলী অদিতিকে বলতে শুরু করেন অরিন্দম।

অরিন্দমের এই পরিবর্তনের কারণ একটি স্বপ্ন, যে স্বপ্নদৃশ্যের কথা আবালবৃদ্ধবনিতা কারোরই অজানা নয়। টাকার পাহাড়ে উঠে দাঁড়িয়েছেন অরিন্দম। দুহাতে টাকা ওড়াচ্ছেন। অর্থ বর্ষিত হচ্ছে তাঁর ওপর। নেপথ্যে বাজছে খুশির আবহসঙ্গীত। হঠাৎ, আবহসঙ্গীত থামে। সেই সঙ্গে থামে টাকার বর্ষণও। চমকে যান অরিন্দম। তাঁর কানে আসে টেলিফোনের আওয়াজ। আওয়াজ ধরে এগোলেই তিনি দেখেন রিসিভার ধরে রয়েছে টাকার চোরাবালিতে নিমজ্জিত এক ব্যক্তির কঙ্কালসার হাত। অরিন্দম চান পালাতে। কিন্তু যেদিকেই যান সেদিকেই একই দৃশ্য দেখতে পান। আবহসঙ্গীতে ততক্ষনে বাজতে চলেছে 'হরিবোল'। হঠাৎ, টাকার চোরাবালি গ্রাস করতে শুরু করে অরিন্দমকে। সম্পূর্ণ ডুবে যাওয়ার প্রাকমুহূর্তে সেখানে উপস্থিত হন একব্যক্তি, যাকে সেই মুহূর্তে সিনেমায় আমরা না চিনলেও পরে জানতে পারি তিনি অরিন্দমের থিয়েটার-গুরু শঙ্করদা। স্বপ্নে শঙ্করদার শরীর ক্ষয়প্রাপ্ত। তিনি হাত বাড়ান। কিন্তু অরিন্দম নাগাল পান না এবং ডুবে যান টাকার চোরাবালিতে। ঘেমেনেয়ে ধরফরিয়ে ঘুম থেকে ওঠেন তিনি।

এখন এই স্বপ্নটিই *নায়ক* সিনেমায় প্লট-পয়েন্ট পরিবর্তন করে। বিষয়টি গুরুত্বপূর্ণ, কারণ বাস্তববাদের চশমা দিয়ে যে রায়কে দেখতে আমরা অভ্যস্ত, সেই তিনিই তাঁর স্বরচিত সিনেমার কাহিনির চালিকাশক্তি করে তুলছেন একটি স্বপ্নদৃশ্যকে যাকে প্রাত্যহিক জীবনে আমরা সাধারণত 'অবাস্তব' এবং 'তুচ্ছ' বলে মানি। শুধু তাই নয়, এই স্বপ্নদৃশ্য দিয়ে 'সিনেমা' এবং 'নায়ক'— এ সম্পর্কিত বিভিন্ন তর্কসাপেক্ষ জটিল প্রশ্নগুলিকে দর্শকের সামনে রাখছেন

সত্যজিৎ, যথা ‘সিনেমা আদৌ আর্ট নাকি কমার্স?’ বা ‘সিনেমার অভিনেতা আদৌ শিল্পী, নাকি পরিচালক, ক্যামেরাম্যান বা সম্পাদকের হাতের পুতুল?’ ইত্যাদি।

শুধু এখানেই এই স্বপ্নদৃশ্যের উপযোগিতা শেষ হয়না। দুঃস্বপ্ন দেখে আত্মসমীক্ষনে ব্যপ্ত হন অরিন্দম। “আমি তো আছি, isn’t that enough?” বলা আপাত প্রত্যয়ী অরিন্দমের ‘নায়ক’ নামক ‘façade’এর নেপথ্যে যে ভীতু, একাকী এবং অসহায় মানুষটি আছে, তাকে বেআব্রু করে দেয় এই স্বপ্নদৃশ্য।

এভাবেই, সত্যজিতের ‘নায়ক’ সিনেমার প্রথম স্বপ্নদৃশ্য আদপে হয়ে দাঁড়ায় পর্দার চরিত্রের মনঃসমীক্ষনের মাধ্যম।

Shrinking

Rachayita Sarkar

সিনেমায় স্বপ্ন, স্বপ্নের সিনেমা

শবরী চক্রবর্তী

রুপং দৃশ্যং লোচনং দৃক্ তদ্দৃশ্যং দৃক্ তু মানসম্।

দৃশ্যা ধীবৃত্তয়ঃ সাক্ষী দৃগেব ন তু দৃশ্যতে।।

~ "দৃগ্-দৃশ্য-বিবেক", অদ্বৈত বেদান্ত ধর্মগ্রন্থ, ভারতী তীর্থ

রূপ যখন দৃশ্যবস্তু, তখন দ্রষ্টা হয় চোখ। আবার চোখ যখন দৃশ্যবস্তু, তখন দ্রষ্টার ভূমিকায় অবতীর্ণ হয় মন। মন দৃশ্যবস্তু সেজে এলে তখন দ্রষ্টার আসনে বসে চৈতন্য। চৈতন্য, যে নিজে কখনোই দৃশ্যবস্তু রূপে ধরা দেয় না– নিরাকার, নিরাবয়ব, নির্গুণ। এই বাহ্যিক বস্তুগত রূপ-রস-বর্ণ ও তাদের প্রকৃতি প্রাথমিকভাবে ধরা দেয় আমাদের চোখে, চোখ থেকে মন বেয়ে সেই রূপের অবিনির্মিত স্বরূপ প্রতিফলিত হয় চেতনায়। অবচেতনের গভীরতম বিন্দু হতে উঠে আসা ব্যক্তিগত ও সমষ্টিগত/গোষ্ঠীগত স্মৃতিসমূহ সেই চেতনায় প্রতিফলিত অবিনির্মিত রূপে যোগ করে বিমূর্ত অথচ ইন্দ্রিয়গ্রাহ্য অন্যান্য বৈশিষ্ট্য অথবা গুণ, যেমন ঘ্রাণ, শব্দ ও স্পর্শের বোধ। এই জটিল বুননের ফলে সৃষ্ট দৃশ্যকল্পই ফুটে ওঠে স্বপ্ন হয়ে।

আনুমানিক ৫০০০ বছর ধরে স্বপ্নরহস্য সমাধানের চেষ্টা করে চলেছে মানুষ। দেখা যাচ্ছে, স্বপ্ন বিশ্লেষণের প্রাচীনতম প্রচেষ্টাগুলির একটি নির্দিষ্ট ধারা আছে। যে সমস্ত প্রাচীন সভ্যতা স্বপ্নার্থতত্ত্ব সংক্রান্ত চর্চা করেছে, তারা প্রত্যেকেই স্বপ্নকে ঈশ্বর ও মানুষের যোগাযোগের এক আশ্চর্য মাধ্যম বা ভাষা হিসেবে দেখেছে। তাই এই ভাষাকে ব্যবহার করার ও এর বৈশিষ্ট্য খুঁটিয়ে দেখার প্রবৃত্তি শিল্পক্ষেত্রে বিরল নয়। সাহিত্যের প্রাচীন গিলগামেশ মিথ ও ড্রিম বুক হয়ে বোর্হেসের *বুক অফ ড্রিমস* হোক বা চিত্রকলায় নিকোলাস দিপ্রের *জেকব'স ড্রিম* হয়ে ফুসেলির *দ্য নাইটমেয়ার,* স্বপ্ন নিয়ে মানুষের কৌতূহল চিরন্তন। তবে যেহেতু শুধুমাত্র দৃশ্য বা শুধুমাত্র শব্দ নিয়ে স্বপ্ন নয়, বরং দৃশ্যের সাথে অন্যান্য ইন্দ্রিয়ানুভূতিভিত্তিক একটি অভিজ্ঞতা, তাই স্বপ্ন বিষয়ক বা স্বপ্নভিত্তিক শিল্পের নিপুণতম পরিস্ফুটন বোধহয় সম্ভবপর হয়ে ওঠে সিনেমাতেই।

এক্ষেত্রে বলতেই হয় পরাবাস্তববাদী সিনেমার কথা। ফ্রয়েডের অবচেতনের ধারণা ও স্বপ্নবিশ্লেষণ পদ্ধতিকে শিল্পচর্চায় ব্যবহারের প্রথম চেষ্টা করেছিলেন আঁভ গার্দের প্রথম দিককার উপধারা সুররিয়ালিজমের পথিকৃৎ শিল্পীরা।

মানবমনের গহীন অভ্যন্তরের অদৃশ্য, ব্যক্তিগত ও আপাত অযৌক্তিক বাস্তবকে ফুটিয়ে তোলা, মানুষের সমস্ত ধ্যানধারণা ও কামনা-বাসনাকে সর্বপ্রকারের আদর্শগত অবদমন থেকে মুক্ত করা ও ব্যক্তির বিশুদ্ধ সাইকোলজিকাল অটোনমি প্রতিষ্ঠাই ছিল সাররিয়ালিস্টদের মূল লক্ষ্য। মার্সেল দুশাম্পের *অ্যানিমিক সিনেমা* (১৯২৬), জার্মেইন দুল্যাকের *দ্য সি-শেল অ্যান্ড দ্য ক্লার্জিমেন* (১৯২৮), লুই বুনুয়েল ও সালভাদর দালির *আ' শিয়ান আন্দালৌ* ও *এজ অফ গোল্ড* এই ধারার উল্লেখযোগ্য কিছু কাজ। *অ্যানিমিক সিনেমা* তৈরি হয়েছে শুধু একটি ফোনোগ্রাফ টেবিলের ওপর কিছু কার্ডবোর্ড ডিস্কের ঘুর্ণন নিয়ে– এই সিনেমায় এই ডিস্কগুলিই অভিনেতা, আর কোনো চরিত্র নেই! সরাসরি স্বপ্নদৃশ্য না হলেও প্রতিটি সিনেমায় এক অদ্ভুত স্বপ্নালু ঘোর খেলা করে, বাস্তব পৃথিবীর চিহ্ন ও উপাদান কাজে লাগে লাগামহীন কল্পনাকে মূর্ত রূপ দিতে, তাতে মিশে যায় জাগ্রত পৃথিবীর ভাষা। এই সিনেমাই একযোগে হয়ে ওঠে আমাদের ব্যক্তিগত ও সামাজিক জীবন ও যাপনের প্রতিফলন ও অ্যান্টিথিসিস।

স্বপ্ন সম্বন্ধে ফেদেরিকো ফেলিনি একবার বলেছিলেন, স্বপ্ন নিয়ে কথা বলা আর সিনেমা নিয়ে কথা বলা প্রায় একইরকম, কারণ সিনেমা স্বপ্নের ভাষাই ব্যবহার করে– যে ভাষা কিনা তৈরি হয়েছে দৃশ্য জুড়ে জুড়ে। আর স্বপ্নের মতোই সিনেমাতেও প্রতিটি বস্তু ও প্রতিটি আলোর নির্দিষ্ট অর্থ রয়েছে। বাস্তবিক, ১৮৯৫ সালের ডিসেম্বরে লুমিয়ের ভাইদের দেখানো সেই প্রথম সিনেমা আজকের পৃথিবীর মানুষের কাছে আহামরি কিছু না-ই হতে পারে, কিন্তু পর্দার ওপর অস্পষ্ট, বেরঙিন মানুষদের যান্ত্রিক, নিঃশব্দ চলাফেরা প্রথম যাঁরা দেখেছিলেন, তাঁদের কাছে সেই দৃশ্য তো স্বপ্নের মতোই মনে হবে। সময়ের সাথে সাথে সিনেমা নির্বাক থেকে সবাক হয়ে ওঠে। বিশেষত *স্পেলবাউন্ড* রিলিজ করার পর থেকেই ভাষাবিদ্যা ও মনঃস্তত্ত্বের যৌথ প্যাঁচ স্বপ্ন ও সিনেমায় একইরকমভাবে খেলতে থাকে, যেখানে মুখ্য হয়ে ওঠে দৃশ্য ও চিহ্নক-চিহ্নিতের আন্তঃসম্পর্কের পূর্বশর্তজনিক প্রশ্ন। প্রতিটি এস্ট্যাবলিশিং শট, ডিজলভ, ক্লোজ-আপ, জুম হয়ে দাঁড়ায় একটি সম্পূর্ণ প্রশ্নের অন্তর্ভুক্ত এক একটি বিশিষ্ট পদ। পাসোলিনি তাঁর ১৯৬৫ সালের একটি প্রবন্ধে সিনেমাকে প্রাক্-ব্যাকরণ যুগের চিহ্ন প্রণালী হিসেবে সংজ্ঞায়িত করেছেন। জানা যায়, এমনই মত ছিল ক্রিশ্চিয়ান মেট্‌জ়, রোলাঁ বার্থ, ও জ়াক লাকাঁর মতো ব্যক্তিত্বদের। কাজেই বিশ্বযুদ্ধোত্তর 'আধুনিক' সিনেমানির্মাতাদের কাজে স্বপ্ন ও স্বপ্নদৃশ্যের ব্যবহার বাড়ে। *ওয়াইল্ড স্ট্রবেরিজ়* সিনেমায় বার্গম্যানের স্মৃতি ও বাস্তবের এলোমেলো হয়ে মিশে যাওয়া; ফেলিনির *৮ ১/২*-এর ওপেনিং স্বপ্নদৃশ্য– যেখানে স্বপ্নের ভেতরকার বিপন্নতায় ফুটে ওঠে বাস্তব জীবনের কর্কশ বৈষয়িক অবস্থা; তারকোভস্কির ব্যক্তিগত, আধ্যাত্মিক, ও পার্থিব ভাবনাচিন্তা ও পরীক্ষানিরীক্ষা ধরে রাখা

সোলারিস ও *স্টকার; লাস্ট ইয়ার অ্যাট মারিয়েনবাদ*-এর মতো স্পেশিও-টেম্পোরাল এক্সপেরিমেন্ট– যা ভিক্টোরিয়ান কনসেপ্ট ও রিজিড রিয়ালিটির দিকে প্রশ্ন ছুঁড়ে দেয়; হিরোশি তেশিগাহারা, নাগিসা ওশিমা, শোহেই ইমামুরা, ইয়াসুজো মাসুমুরা, মাসাহিরো শিনোদাদের মতো জাপানি নিউ ওয়েভ সিনেমার পথিকৃৎদের কাজ– এই উদাহরণের তালিকা বলে শেষ করা কঠিন। এই সময়ে পরিচালকেরা হয়তো অজান্তেই নিজেদের কাজে তাদের ব্যক্তিগত মনোজগতের ছাপ রেখে দিচ্ছিলেন, ফলে এই সময়কার এই ধারার কাজগুলি কিছুটা হলেও আত্মজৈবনিক।

এখানে স্বপ্নধর্মী ও নিজস্ব অভিজ্ঞতাভিত্তিক অপর একটি কাজের উল্লেখ করতে হয়, যা আমরা পাচ্ছি বেশ কিছু বছর পরে। ১৯৯০ সালে রিলিজ হচ্ছে আকিরা কুরোসাওয়ার *ড্রিমস*। আটটি ভিগনেটের কালেকশন, আটটি গল্প– আটটি স্বপ্ন। কুরোসাওয়া বলেছেন এই স্বপ্নগুলি নাকি তিনি প্রায়ই দেখতেন। তাঁর নিজস্ব স্বপ্নের পৃথিবীতে পাওয়া যায় তাঁর সামাজিক-ভৌগোলিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক পরিচয়। আটটি সেগমেন্টের প্রতিটির আলাদা আলাদা টাইটেল রয়েছে, আর প্রতিটি স্বপ্নই পরিচালকের নির্দিষ্ট কোনো ভয়, মত, বা আশার গল্প বলে। যেমন "সানশাইন থ্রু দ্য রেইন" শিশুর কৌতূহল ও শৈশবের স্বপ্নিল স্মৃতিতে আলোকপাত করে, তেমনি "ব্লিজ়ার্ড" পরিচালকের নিজস্ব মানসিক অবসাদের ছায়া ধরে রাখে ন্যারেটিভের ভেতর। "দ্য টানেল", "মাউন্ট ফুজি ইন রেড" আর "উইপিং ডিমন" আবার তাঁর সামাজিক রাজনৈতিক অবস্থানকে স্পষ্ট করে দেয়। *ড্রিমস* নিঃসন্দেহে কুরোসাওয়ার শ্রেষ্ঠতম কাজগুলির একটি।

স্বপ্নের কথা বলতে গেলে দুঃস্বপ্নের কথাও আসে। যে আলো-ছায়া ও দৃশ্যের মন্তাজ স্বপ্নের আবহ তৈরি করে, সেই একই উপাদান দিয়ে তৈরি করা যায় দুঃস্বপ্ন। নির্বাক যুগে এই সত্য সম্ভবত সবচেয়ে ভালো উপলব্ধি করতে পেরেছিল জার্মানি, তাই দুই বিশ্বযুদ্ধের মাঝামাঝি সময়ে জার্মানি থেকে উঠে আসেন এমন কিছু পরিচালক যারা সামাজিক-রাজনৈতিক ভয় ও আতঙ্ক দিয়ে তৈরি করে নিলেন নিজেদের সিনেমার ভাষা– এক নতুন, অদ্ভুত, বিচ্ছিন্ন ও বিকৃত দৃশ্যকল্পের সমাহার। সময়ের সাথে সাথে এই জার্মান পরিচালকেরা তীব্র আলো, প্রায়-অবাস্তব সেট ডিজাইন, এবং হিংস্র, হতাশাব্যঞ্জক, অপ্রকৃতিস্থ, অস্থির ন্যারেটিভ নিয়ে এক্সপেরিমেন্ট শুরু করলেন। রবার্ট ওয়েইনের *দ্য ক্যাবিনেট অফ ডঃ ক্যালিগারি* (১৯২০) ছবিটিকে এই তালিকার প্রথম ও সর্বাধিক উল্লেখযোগ্য সংযোজন বলা যায়। এই ছবির প্লটের মধ্যে গায়ে গায়ে মিশে থাকে ঘুম ও স্বপ্ন। ডঃ ক্যালিগারি তাঁর রোগী, প্রায়-বোবা সিজারকে হিপনোটাইজ করে এক দীর্ঘস্থায়ী ঘোরের মধ্যে রাখেন, তাকে বন্দী করে রাখেন একটি কফিনের মতো ক্যাবিনেটে।

ছোট্ট, শান্ত, স্বপ্নের মতো জার্মান পাহাড়ি গ্রামটিতে যে মেলা চলে, সেই মেলায় ডঃ ক্যালিগারি তাঁর রোগীকে নিয়ে যান দর্শনীয় আকর্ষণের মতো। দাবি করা হয়, সিজারের এই স্বপ্নের ঘোর তাকে দিয়েছে এক আশ্চর্য ক্ষমতা– সে ভবিষ্যৎবাণী করতে পারে। যদিও এই দুই চরিত্রের আশ্চর্য সম্পর্কের কারণেই যে সাম্প্রতিক হত্যাকাণ্ডগুলি সংঘটিত হচ্ছে, সেটা বুঝতে দর্শকদের বেশি সময় লাগে না। ক্যালিগারির জগতের এই দুঃস্বপ্নের হাওয়া-মাখা পরিবেশ আরো তীক্ষ্ণ হয়ে ধরা দেয় সিনেমার শেষে– যখন বোঝা যায় যে এই গোটা গল্পটি যিনি বলছেন, তিনি একটি মানসিক হাসপাতালের আবাসিক রোগী, এবং এই গল্পের অন্যান্য চরিত্রও সেই হাসপাতালের সাথেই সম্পর্কিত– জেন ও সিজারও হাসপাতালের দুইজন আবাসিক, ও ডঃ ক্যালিগারি হাসপাতালের ডিরেক্টর। সুতরাং, এই সম্পূর্ণ গল্পটি শেষে গিয়ে হয়ে যায় অপর বা বিকল্প একটি বাস্তবের বিকৃত ও বিস্মৃত প্রতিরূপ– সিনেমার মতোই না? এ ছাড়া মার্নৌর ক্ষয়িষ্ণু সমাজচিত্রে মিশে যাওয়া বিভীষিকাময় দুঃস্বপ্নের কোলাজে কিংবদন্তি হয়ে যাওয়া *নসফেরাতু* (১৯২২); এবং *দ্য লাস্ট লাফ* (১৯২৪) সিনেমায় চরিত্রদের মানসিক অবস্থার প্রতিফলক হয়ে ওঠা অস্থির সিনেমাটোগ্রাফি; অশনি সংকেত, দানবিক আকার ধারণ করা সামাজিক অবক্ষয়ের ভগ্নচিত্র হিসেবে উঠে আসা ফ্রিট্‌জ় ল্যাঙের সিনেমা– *ডেস্টিনি* (১৯২১), *ডঃ মাবুস, দ্য গ্যাম্বলার* (১৯২২), *মেট্রোপলিস* (১৯২৭), ইত্যাদি ছবি ভবিষ্যতের নির্মাতাদের জন্য তৈরি করে দেবে একটি ব্লুপ্রিন্ট। তদানীন্তন বাস্তব জগতের ট্রমা ও ত্রাসের দলিল হয়ে রয়েছে সেই সময়কার এইসব জার্মান হরর সিনেমা।

এ তো গেল যুদ্ধবিধ্বস্ত সময়ের হরর ফিল্ম। এরপর আসছে পোস্টমডার্ন হরর। *ডেড অফ নাইট* (১৯৪৫), *নাইটমেয়ার* (১৯৫৬), একটু অন্যরকম *পিকনিক অ্যাট হ্যাঙ্গিং রক* (১৯৭৫), ওয়েস ক্র্যাভেনের শ্রেষ্ঠতম কাজ *আ নাইটমেয়ার অন এল্ম স্ট্রিট* (১৯৮৪), *ড্রিমস্কেপ* (১৯৮৪), *জেকব'স ল্যাডার* (১৯৯০), *মালহোল্যান্ড ড্রাইভ* (২০০১), আর কত বলব। সময় যত এগিয়েছে, হররের প্রশ্ন এগিয়েছে, প্রতিপাদ্যও এগিয়েছে। নতুন প্রযুক্তির হাত ধরে এল নতুন ধারণা, নতুন থিওরি, নতুন সব আইডিয়া। আর এরপর ২০১০ সালে এল ক্রিস্টোফার নোলানের স্বপ্ন ও বাস্তবের বিপজ্জনক টানাপোড়েনে সৃষ্ট বিশাল, প্রায় দুর্বোধ্য গোলকধাঁধা– *ইনসেপশন* (২০১০)। সিনেমা ও স্বপ্নদৃশ্যের যৌথতার মোড় নতুনভাবে ঘুরিয়ে দিচ্ছে *ইনসেপশন*। বিশাল বাজেট ও দুঁদে পরিচালকের নৈপুণ্যে পরিকল্পিত দুর্দান্ত মিজ়-অঁ-সিন এই ছবিকে করে তুলেছে স্মৃতি ও অভিঘাতের এক আধুনিক পাঠ। স্বপ্নের ভেতরকার স্বপ্ন, এবং স্বপ্ন ও বাস্তবের বহুস্তরীয় গঠন দর্শককে ঠেলে দেয় টানটান এক ইন্টেলেকচুয়াল অভিজ্ঞতার দিকে। সত্যি বলতে

ইনসেপশন নিয়ে এত আলোচনা হয়েছে যে আর নতুন করে কথা বলতে গেলে ফুটনোট দেওয়ার মতো পরিস্থিতি তৈরি হবে। অথচ, *ইনসেপশন* যে সিনেমা থেকে অনুপ্রাণিত হয়ে তৈরি করা হয়েছে বলে মনে করা হয়, সেই *প্যাপ্রিকা* (২০০৬) নিয়ে আলোচনা তুলনামূলক ভাবে কম। সাতোশি কনের অ্যানিমে সিনেমা *প্যাপ্রিকা*-কে একটি মনঃস্তাত্ত্বিক অভিজ্ঞতা বললেও ভুল করা হয় না। একটি অসামান্য বিমূর্ত, মেটা-টেক্সচুয়াল পোস্টমডার্ন সিনেমা। নায়িকা আৎসুকো চিবার সামাজিক ও লিঙ্গগত অবদমনের কারণেই জন্ম হয় তার স্বপ্নরাজ্যের ডপলগ্যাঙ্গার প্যাপ্রিকার, ও এই গোটা গল্প জুড়ে বাস্তবের আৎসুকো ও স্বপ্নের প্যাপ্রিকা একসাথে ঘুরে বেড়ায় যৌন স্বাধীনতা এবং সৌন্দর্য ও ক্ষমতার আন্তঃসম্পর্কের গলিঘুঁজিতে। *ইনসেপশন* সিনেমায় কব স্বপ্ন চুরি করত, এখানে আৎসুকো চিবা একজন বিজ্ঞানী ও প্যাপ্রিকা একজন স্বপ্নগোয়েন্দা। আৎসুকো ও তার সহকর্মীদের তৈরি একটি ডিভাইসের প্রোটোটাইপের চুরি যাওয়া এবং সেই ডিভাইস উদ্ধারে প্যাপ্রিকার অভিযানই এই সিনেমার মূল গল্প। এর বেশি কিছু বলা এই পরিসরে অনুচিত, কারণ এর বেশি বলতে হলে *প্যাপ্রিকা* নিয়েই একটি আলাদা সবিস্তার প্রবন্ধ লিখতে হয়। এ ছাড়া স্বপ্ন, হ্যালুসিনেশনের, ও মানসিক অসুস্থতার পারস্পরিক সম্পর্ক ব্যাখা করার চেষ্টা হয়েছে *ওয়ান ফ্লিউ ওভার দ্য কাকু'স নেস্ট* (১৯৭৫), *শাটার আইল্যান্ড* (২০১০), ও *গড'স ক্রুকেড লাইন্স* (২০২২) ইত্যাদির মতো সিনেমায়। মানুষের কৌতূহলেরও অন্ত নেই, নতুন ভাবনারও অন্ত নেই, তাই সিনেমায় নতুন নতুন ধারণা ও তত্ত্বেরও অন্ত নেই। স্বপ্নবিশ্লেষণ (হইহই করে) সমানে চলিতেছে।

ভারতেও যে কাজ হচ্ছে না, তা কিন্তু নয়। ২০১৩ সালে বেরিয়েছে পবন কুমারের *লুসিয়া*। একজন নিদ্রাহীনতায় ভোগা মানুষের গল্প, যিনি একটি বিশেষ বড়ি খেয়ে এক অদ্ভুত হাইপাররিয়ালিস্টিক স্বপ্নে জড়িয়ে পড়েন। উল্লেখ্য, এই সিনেমাটি কন্নড় ভাষার প্রথম সিনেমা যেটি তৈরি করতে ক্রাউডফান্ডিং করা হয়েছিল। বাস্তবের নিকি ও স্বপ্নের নিখিল যে কোন জাদুমন্ত্রবলে বাস্তবের নিখিল ও স্বপ্নের নিখিল হয়ে যায়, তা ভাবতে ও বুঝতে বিষম খেতে হয়। ক্রিস্টোফার নোলান ও ডেভিড লিঞ্চের প্রভাব যে এ ছবিতে স্পষ্ট, তা পরিচালক স্বীকার করেছেন। ছবির শুরুতে কবি কনক দাসের "নী মাইয়েয়োলাগো" কবিতাটি উদ্ধৃত করা হয়। স্বপ্ন ও বিভ্রমের লুকোচুরি খেলার সূচনা করে দেয় এই কবিতাটি। এ ছাড়া বিভিন্ন দৃশ্যে দেখা যায় ইস্টার এগ– এক দৃশ্যে টিভিতে চলতে দেখি নোলানের *ফলোয়িং*। *রিকোয়াইম ফর আ ড্রিম*-ও চলতে দেখা যায় সেই দৃশ্যেই। কালার গ্রেডিং, সেট ডিজাইন, সবেতেই রয়েছে দক্ষতার ছাপ। বাংলাতেও হয়েছে। ২০২২ সালে রিলিজ হয় অভিনন্দন দত্তের ছবি *অনন্ত*। অপার্থিব সুন্দর, শান্ত, গভীর নদীর

মতো একটি সিনেমা। চোখ কেড়ে নেবে স্বপ্ন– বা বলা ভালো, স্বপ্নের যৌথযাপন। দুটি মানুষ একই সঙ্গে একই স্বপ্ন দেখে, সেই স্বপ্নেই তাদের একাত্মতা, স্বপ্নেই তাদের সংসার। স্বপ্ন হয়ে উঠছে আত্মিক যোগাযোগের মাধ্যম, একটা ভিন্ন, নতুন ভাষা। স্বপ্ন হয়ে উঠছে ব্যক্তি ও ব্রহ্মাণ্ডের যোগসূত্র। চৈতন্যের শুদ্ধতম, পবিত্রতম স্তরে উন্নীত হচ্ছে ব্যক্তি, ব্যক্তিদ্বয়– হয়ে উঠছেন অমৃতের পুত্র ও পুত্রী, স্বপ্নের এই অলীক প্রেমের রসগ্রাহী এই অমৃতসন্তানদের মৃত্যুর সম্ভাবনা বিনষ্ট হয়। তাদের যাপন হয় অক্ষয়, অনন্ত।

যা কিছু দুর্বোধ্য, দুর্গম, নিষিদ্ধ, তার প্রতি মানবমনের আকর্ষণ যেন সবচাইতে বেশি। এ যেন এক খেলা, যে খেলার মায়া কিছুতেই উপেক্ষা করা যায় না। এই কারণেই বোধহয় ভূত থেকে এভারেস্টের চূড়া আর ম্যাজিক থেকে স্বপ্নচর্চা, এসব মানুষের কৌতূহলের কেন্দ্রবিন্দু হয়ে রয়ে গেছে বছরের পর বছর। অদূর ভবিষ্যতেও যে এই স্বপ্নানুসন্ধিৎসার পথ থেকে মানুষের বিচ্যুত হওয়ার সম্ভাবনা খুব একটা দেখা যায় না, সে কথা আলাদা করে বলার অপেক্ষা রাখে না। পৃথিবীর বুকে আসবে নতুন শিশু, নতুন স্বপ্ন নিয়ে– এই খেলা যতদিন চলবে, মানুষ তার কৌতূহলী মন ও জিজ্ঞাসু চোখজোড়া নিয়ে ততদিন খুঁজে চলবে স্বপ্নের গহীনতম অর্থ, ততদিন সে এক বুক খিদে নিয়ে একাগ্রচিত্তে শিখতে চাইবে স্বপ্নের ভাষা।

"দেবী" (Goddess in the Ravaging Dream)

সঞ্চারী দীর্ঘাঙ্গী

(ছবি কিভাবে কথা বলে বুঝি না। সবসময় বুঝতেও চাই না। নিজের হাতে গড়ে ওঠা রেখার অস্তিত্ব নিজের কাছেই রহস্যজনক লাগে। তাও রেখার নিয়মে রেখা গড়ে ওঠে, শব্দের ব্যক্তিগত নিয়মে কবিতার জন্মের মতো। আমার নিজের আঁকা এই ছবির সামান্য ব্যখ্যার চেষ্টা তাও করছি, দর্শকের সাথে ঘনিষ্ঠতর কথোপকথনের জন্য। ছবিতে অবদমনের চিহ্ন স্পষ্ট। এবং স্বভাবতই চারিত্রিক উপস্থাপনা স্বপ্নালু বৈকি। ইচ্ছা করেই 'মাতৃকা' নির্মাণের ধারণা মনোসমীক্ষার দিক থেকে কিছুটা সচেতন ধাক্কা দেওয়া হয়েছে। দেবী-দেহের জৈবিকতা প্রকট, এবং সেই জৈবিক দেহ আশ্চর্যভাবে প্রচ্ছন্ন মিলনের আভাস দেয় রিপু বা অ-সুর সুলভ কোনো দেহপটের সাথে। এমন রিপু, যা অবদমনের কারণে দেবী-শরীরেরই স্বপ্নচেতনা ব্যাহত হয়। এমন ব্যাহত স্বপ্নবোধ যা শুচিতার প্রশ্নকে কুণ্ঠিত করে।



অর্থাৎ মাতৃকা-নির্মাণের যে পদ্ধতি আভূমি লালিত অবদমনকে লালন করে, এবং সর্বোপরি নারী-অস্তিত্বের সৃষ্টি ও ধ্বংসাত্মক প্রবৃত্তিকে উপাস্য করে তুলে তার সাথে জাগরুক সমাজ অবচেতনে দূরত্ব তৈরী করতে চায়, ছবির কিছুটা কাজ হয়তো তাকেই খতিয়ে দেখে। চিত্রপটের দেবী লালসাময়। হতে পারেন ব্যাধিগ্রস্ত, তাই স্বপ্নীভুত দেহে রিপুচারণ করেন দেহজ উল্লাসে। দেবীর অস্তিত্ব নির্মাণে অলঙ্কার, নীল গাত্রবর্ণ, এমনকি চরণপদ্ম ও বাদ পড়ে না। বরং তুলি চেষ্টা করে চলে re-claimation র সাহায্যে শিল্পীর ব্যক্তিগত অধ্যাত্ম অর্জনের কথার। বাকিটা দর্শকের দেখা, ভাবা। পুনশ্চ, 'স্বপ্ন'বোধ ছবির একান্ত ব্যক্তিগত জেহাদ।)

The Divine, Divination and Dreaming in the Classical World

Pousali Bhar

The view that dreams are a divine connection, a tool for communication between the mortal and immortal plane, was cross-cultural and universal. The Ancient Greeks, like the Mesopotamians and Egyptians, believed that dreams originate from divine sources. In *The Odyssey*, Homer asserts that they are admitted into the world from the underworld through two gates— the horn-made one admits truthful dreams and the ivory-made one admits deceitful dreams. Dream oracles, such as in the cult of Asclepius, even engaged in the process of incubating dreams hoping to receive prophetic ones, resulting in the formulation of dream interpretation manuals such as the *Oneirocritica* of Artemidorus.

Plato in his *Charmides* makes a reference to the Gates of Horn and Ivory and in *Crito* he shows Socrates "divining" the time of his own death trough the interpreting his own dream. In this case, he appears to support the theory of divine powers of dreaming. However, in *Timaeus* he offers a more naturalistic theory of sleep and dream based on his vision theory. Again, in his magnum opus *The Republic*, he discusses the idea that "...in all of us, even the most highly respectable, there is a lawless wild beast nature, which peers out in sleep." In dreams, he theorizes, one expresses the bestial desires that are normally repressed in wakefulness. One can even say, Plato anticipates Freud's wish-fulfillment theory of dreaming in this passage.

Aristotle rejects the divine origin of dreams and speculates in his *On Dreams* that they originate from perception in its imaginative capacity, i.e. from *phantastikon*. Joseph Barbara summarises, "Aristotle's general meaning is that the appearances (*phantasamata*) that characterise dreams are the result of the perceptual mechanism being activated, but in the absence of external stimulation." He also rejects the traditional idea of the power of divination afforded to dreams in his *On Divination through Sleep* and credits dream-come-true events to mere coincidence. He offers exception to dreams that foretell medical illnesses of the dreamer reasoning that physical changes in the body of the dreamer inspire these dreams. This idea that dreams have prognostic abilities was later supported by Hippocrates and Galen.

The Roman world inherited the Greek view of dreams as divine. Yet, Cicero in his *De Divinationae* examines dreams along with other popular forms of divination including astrology, haruspicy, and augury. Cicero's brother Quintus is cast in the role of arguing for divination in

general. He fails to offer any solid evidence and relies heavily on the universal acceptance of its validity. In the case of dreams, Quintus offers multiple examples from Greek and Roman mythology in which dreams have proven to be prophetic. Cicero offers logical counterarguments against divination, and like Aristotle, attributes the veridical power of dreams to coincidence, excluding prognostic abilities. He ascribes the dream's origin to "reminiscences" and daytime preoccupations that apparated when the mind was in a "weak and relaxed state."

Macrobius, considered the leading authority on dreams in the Middle Ages, in his *Commentary on the Dream of Scipio* classifies dreams into five categories: the ordinary dream, the visionary dream, the prophetic dream, the nightmare, and the apparition. According to him, the latter two have "no prophetic significance" while the first three clearly do. Thus, in the Middle Ages the veridical power of dreams was still upheld.

Despite Aristotle's and Cicero's unusually modern views, the notion that dreams have supernatural attributes was again seriously challenged only in the nineteenth century by L. F. Alfred Maury's *Le sommeil et les rêves* (1865), that studied thousands of recollections of dreams and predated Freud's seminal works that popularised the topic. In the Modern Age, if we study popular culture, we see the remnants of the link between dreams and divination, especially in fantasy fiction. Brandon Stark and Jojen Reed, for example, in the uber popular series *Game of Thrones,* see past, present and future events through what Stark, at first, mistakes as dreams. This is testament to the inextricable nature of the divine, divination and dreams in human consciousness.

Life Is Only a Dream: A Vedāntic Understanding of Dreaming

Abhik Ganguly

"Eyes I dare not meet in dreams
In death's dream kingdom
These do not appear."

- TS Eliot, "The Hollow Men".

Dreams have always occupied a strange, if not surreal, vantage point of human history. Different religions and civilisations located in various strands of spatio-temporalities have tried to interpret it. The old dream narratives focus particularly on visits, in which a dream figure, perhaps a deity or an immediate ancestor, directs the dreamer to perform particular tasks and sometimes

even makes predictions about the future. The way that dreams are narrativised has changed over time and cultures.

Countless *ṛṣis* (sages) in the Indian subcontinent tried to formulate an understanding of the various stages of cognition. *Advaita Vedānta*, one such school of Indian philosophy, characterises dreams (*svapna*) mostly as mental constructs and simulations of waking experiences (*pratibimba*). Two monumental philosophers from this school are Gauḍapādācārya and Śaṅkarācārya. *Advaita Vedānta* asserts that the apparent dualism of the world is an illusion (*Maya*) and that the genuine self (*atman*) is the same as the eternal reality (*Brahman*). A person who has realised the non-duality is freed (attaining *moksha*) from the cycle of reincarnation.

Turiya (the fourth state) is the true self (*atman*) beyond the three common states of consciousness: waking (*jāgrat*), dreaming (*svapna*), and dreamless profound sleep (*suṣupti*), according to Hindu philosophy. But how do we get to access this stage of *turiya*? In the context of *yoga*, *turiya* finds a mention in *Maitri Upanishad* composed in the 1st millennium B.C.E. The philosophical essence of this concept was further fleshed out by Gauḍapādācārya in his seminal work, *Māṇḍukya Kārikā*.

